

# চোট' প্রাণ্ডি মকলৈর অক্ষত্রিম ভালবাসায় মিল্ক

প্রাণ্ডির প্রতি সিডনিবাসীদের অফুরন্ত ভালবাসা দেখে আমরা সত্যিই অভিভূত। সিডনির বিভিন্ন প্রান্ত থেকে ছুটির দিনের সমস্ত ব্যক্তিগত ব্যন্ততাকে উপেক্ষা করে প্রাণ্ডির জন্য এই প্রাতভোজে আপনাদের প্রাণবন্ত অংশগ্রহণ দেখে আমাদের মনে হয়েছে প্রাণ্ডির সুন্দর হাসির মধ্যে আমরা সবাই আমাদের প্রিয় জন্মভূমির মানচিত্র দেখতে পেয়েছি। তাই সবাই মনে হয়েছে প্রাণ্ডিকে বাচানো মানেই প্রিয় বাংলাদেশকে বাচানো। তা না হলে একটু চিন্তা করে দেখেন, আমরা প্রাণ্ডিকে কেউ চিনিনা - জানিনা শুধু একটি ছবি দেখে কিভাবে ওর হাসি ধরে রাখার জন্য আমরা সবাই ঝাপিয়ে পড়েছি। প্রাণ্ডির প্রতি এই অক্ষত্রিম সাড়া দেখে মনে হয়েছে আমাদের স্বাধীনতা কত শক্তিশালী। এটা তো স্বাধীনতার ই ফসল। আমাদের হৃদয় কে আকাশের মত পরিচ্ছন্ন রেখেছে আমাদের দেশপ্রেম।



বক্তব্য রাখছেন খুসরু, পাশে (বাম থেকে) তুষার খান, মাহফুজ আহমেদ, মামুনুর রশিদ, তমালিকা কর্মকার

আপনাদের সবার সহযোগিতার ও প্রার্থনার ডাক আমাদের সৃষ্টিকর্তা শুনবেন এবং প্রাণ্ডি কে এই মরণ ব্যাধি থেকে মুক্তি দিবেন, এই কামনা করি আমরা সবাই।

আপনাদের ত্যাগ ও পরিশ্রমের বিনিময়ে আমরা মোট ছয় হাজার ডলার সংগ্রহ করতে পেরেছি। এর মধ্যে খাবার বিক্রি করে ৩,৪০০ ডলার, নগদ অনুদান ১,৬০০ ডলার এবং প্রজগ্নি বাংলাদেশ সিডনী (প্রবাসি) এর পক্ষ থেকে ১,০০০ ডলার সংগৃহীত হয়েছে। আমরা এই অর্থ অতি শীত্রেই প্রথম আলোর সম্পাদক ও আমাদের একজন উদ্বোক্তা জনাব আবদুস নাসেরের মাধ্যমে বাংলাদেশে প্রাণ্ডির পরিবারের হাতে তুলে দিব ও আপনাদেরকে আমরা যথারীতি অবহিত করব।

এই অনুষ্ঠান সার্থক করার জন্য আমরা সকল সিডনী বাসীকে ধন্যবাদ দিতে চাই। বিশেষ করে ধন্যবাদ দিতে চাই মামুনুর রশিদ, মাহফুজ আহমেদ, তুষার খান, তমালিকা কর্মকার, চৰঙল চৌধুরী, ফয়েজ জহির ও রূবলী চৌধুরী কে। আরও ধন্যবাদ দিতে চাই অসবেন এর পরিচালক জনাব গোলাম মোস্তফা কে। আমরা আমাদের কৃতজ্ঞতা জানাতে চাই সিডনীর ইন্টারনেট পত্রিকা বাসভূমি, bangla-sydney.com এবং সিডনীবাসী-বাংলা কে।

আমরা খুব শীত্রেই একটি ব্যাংক হিসাব খোলার ব্যবস্থা করব এবং তা ওয়েবসাইটে রাখার ব্যবস্থা করব। আপনারা যারা প্রাণ্ডির জন্য আরও অনুদান পাঠাতে চান তারা এই একাউন্টে পাঠাতে পারবেন। আপনাদের অবগতির জন্য আবারও জানাচ্ছি যে, আগামী দেড় বৎসর প্রাণ্ডির চিকিৎসার জন্য আরও টাকা প্রয়োজন। কাজেই প্রাণ্ডিকে সুস্থ করে তুলতে হলে আপনাদের প্রতি আরও এগিয়ে আসার অনুরোধ রইল।

ধন্যবাদান্তে

প্রজগ্নি বাংলাদেশ সিডনী  
(প্রবাসি)